



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং- বামাশিবো/প্রশা/ঢাকা-৪৮/ ২৭০২/১৭

তারিখঃ ০৬/১০/২০১৭খ্রিঃ

বিষয়ঃ ম্যানেজিং কমিটি ভেঙ্গে দেয়া প্রসঙ্গে।

- সূত্রঃ
- ১) নং- ৫৭.০০.০০০০.০৮৫.০২৭.৩৮.১৭/২৬০; তারিখঃ ১০ সেপ্টেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ
 - ২) নং- বামাশিবো/প্রশা/ঢাকা-৪৮/২৬২৬/৪; তারিখঃ ৩০/০৭/২০১৭খ্রিঃ
 - ৩) নং- ৫৭.০০.০০০০.০৮৫.০২৭.৩৮.১৭-৫০৮/২; তারিখঃ ১৬ জুলাই ২০১৭খ্রিস্টাব্দ
 - ৪) নং- বামাশিবো/প্রশা/ঢাকা-৪৮/২৫৩০/৪; তারিখঃ ১৯/০৬/২০১৭খ্রিঃ
 - ৫) নং- ৫৭.০০.০০০০.০৮৫.০২৭.৩৮.১৭-৪০০; তারিখঃ ২৮ মে ২০১৭খ্রিস্টাব্দ
 - ৬) নং- বামাশিবো/প্রশা/ঢাকা-৪৮/৭৮৩; তারিখঃ ৩১/১২/২০১৫খ্রিঃ
 - ৭) নং- শাঃ১৪/অভিযোগ-৩/২০০৮/৫২৩; তারিখঃ ২২ ডিসেম্বর ২০১৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে সর্বিনয়ে জানানো যাচ্ছে যে, ঢাকা জেলার শ্যামপুর থানাধীন ঢাকা মোহাম্মদিয়া দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটির সভাপতি আলহাজ্ব মোঃ জহিরুল ইসলাম এর বিরুদ্ধে প্রতিষ্ঠাতা সদস্য দাবীদার আলহাজ্ব এম এ জব্বারসহ কতিপয় ব্যক্তি পৃথক পৃথক দুটি অভিযোগপত্র দাখিল করেন। অভিযোগপত্রে সভাপতির বিরুদ্ধে দুর্নীতি, স্বেচ্ছাচারিতা, অর্থ আত্মসাৎ, স্বাক্ষর জাল করে উৎকোচ গ্রহণ করে সুপার পদে নিয়োগসহ বিভিন্ন অনিয়মের বিষয়ে উল্লেখ করা হয়েছে। উক্ত অভিযোগের বিষয়ে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক সূত্রোক্ত ৭ ও ৫নং স্মারকে তদন্ত পূর্বক প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়।

২) পত্রের পরিপ্রেক্ষিতে অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণের জন্য সূত্রে উল্লিখিত ৬নং স্মারকে পত্র দেয়া হয়েছিল কোন প্রতিবেদন পাওয়া যায়নি বিধায় বোর্ড কর্তৃক বিষয়টি তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন দাখিল করার জন্য সূত্রে উল্লিখিত ৪নং স্মারকে ০২ সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়। তদন্ত কমিটি তদন্ত পূর্বক একটি প্রতিবেদন প্রেরণ করেন। তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, আনীত অভিযোগসমূহ প্রমানিত হওয়ায় সভাপতি আলহাজ্ব মোঃ জহিরুল ইসলামসহ বর্তমান কমিটি বাতিল করা, সুপার জনাব নূর মোহাম্মদ এর নিয়োগ সংশ্লিষ্ট কর্মকর্তাগণের স্বাক্ষর ও সীল জাল করায় সুপার পদ থেকে তাকে অব্যাহতি প্রদানসহ এমপিও বাতিল এবং গৃহীত সকল অর্থ সরকারী কোষাগারে জমা দেয়ার ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হয়েছে।

৩) পরবর্তীতে তদন্ত প্রতিবেদনটি পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে সূত্রে উল্লিখিত ২নং স্মারকে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সচিব মহোদয় বরাবর প্রেরণ করা হলে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক বর্তমান ম্যানেজিং কমিটি ভেঙ্গে দেয়ার জন্য সূত্রোক্ত ১নং স্মারকে নির্দেশনা প্রদান করেছেন।

বর্ণিত অবস্থায় তদন্ত প্রতিবেদনের সুপারিশ ও শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের নির্দেশনা অনুযায়ী বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান- ৩৮(২) এর ক্ষমতাবলে এ দপ্তর হতে নং- বামাশিবো/প্রশা/১৮৩৩/৪/নথি নং- ঢাকা-৪৮; তারিখঃ ০৯/০১/২০১৭খ্রিঃ স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটি কেন ভেঙ্গে দেয়া হবে না আগামী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে তার সন্তোষজনক জবাব নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য ম্যানেজিং কমিটির সভাপতি ও সুপারকে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে



প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ ১) সভাপতি/সদস্যবৃন্দ- ম্যানেজিং কমিটি, ঢাকা মোহাম্মদিয়া দাখিল মাদ্রাসা, শ্যামপুর, ঢাকা।


২) সুপার, ঢাকা মোহাম্মদিয়া দাখিল মাদ্রাসা, শ্যামপুর, ঢাকা।

নং- বামাশিবো/প্রশা/ঢাকা-৪৮/ ২৭০২/১৭

তারিখঃ ০৬/১০/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. জেলা প্রশাসক, ঢাকা।
২. থানা নির্বাহী অফিসার, শ্যামপুর, ঢাকা।
৩. জেলা শিক্ষা অফিসার, ঢাকা।
৪. জনাব মোঃ আবদুল খালেক, সহকারী সচিব (মাদ্রাসা-২), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।


মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪